AutoRent BD
দেশের প্রথম অনলাইন রেন্ট এ কার মার্কেটপ্লেস
Website: www.autorent.com.bd
Email: autorent.com.bd@gmail.com
Customer Care: 01717-055-222
Facebook: www.facebook.com/autorent.com.bd

অটোরেন্ট ভেন্ডর নিবন্ধন চুক্তিপত্র

চুক্তির বিষয়বস্তু

অটোরেন্ট তার নিবন্ধিত ব্যবহারকারীকে গাড়ি সেবা প্রদানের লক্ষ্যে লভ্যাংশের অংশীদার হিসেবে গাড়িসহ চালক নিয়োগের বিজ্ঞপ্তি দিলে নিম্নোক্ত দ্বিতীয় পক্ষ গাড়ি মালিক অটোরেন্টর সাথে লভ্যাংশ্যের অংশীদার হিসেবে নিবন্ধন করার আগ্রহ প্রকাশ করলে উভয়পক্ষ নিম্নোক্ত শর্তের ভিত্তিতে চুক্তিতে আবদ্ধ হয়।

প্রথম পক্ষ

অটোরেন্ট বিডি
বাড়ি-৭১, রোড-১, সেক্টর-১৪,
উত্তরা, ঢাকা-১২৩০

গাড়ির বিবরন

গাড়ির কোম্পানী ও মডেলঃ..
সিরিয়াল নাম্বার:...
ইন্জিন নাম্বারঃ...
চেসিস নাম্বার:...

দ্বিতীয় পক্ষ গাড়ি মালিকের পুর্ন বিবরনঃ

নামঃ...
জাতীয় পরিচয় পত্র নংঃ...
মোবাইল নাম্বার (নিজ)ঃ...
মোবাইল নাম্বার (বাসা)ঃ...
ঠিকানাঃ..
....

তৃতীয় পক্ষ গাড়ি চালকের পুর্ন বিবরনঃ

নামঃ...
জাতীয় পরিচয় পত্র নংঃ...
ড্রাইভিং লাইসেন্স নাম্বারঃ...
মোবাইল নাম্বার (নিজ)ঃ...
মোবাইল নাম্বার (বাসা) ঃ...
বর্তমান ঠিকানাঃ...
স্থায়ী ঠিকানাঃ..

চুক্তির শর্তাবলী

১. আমি প্রথম পক্ষ অটোরেন্ট বটে, আপনি দ্বিতীয় পক্ষ গাড়ির মালিক বটে, এবং তৃতীয় পক্ষ চালক বটে যা ২য় পক্ষের প্রদত্ত এবং তার তত্বাবধায়নে পরিচালিত। এ চুক্তির মেয়াদকাল ১লা ডিসেম্বর, ২০১৬ হইতে এক বছর পর্যন্ত বলবত থাকবে।

২. আমি দ্বিতীয় পক্ষ অটোরেন্টর ওয়েবসাইট (http://autorent.com.bd) এবং অন্যান্য মাধ্যমে প্রচারিত নির্ধারিত গাড়ি সেবা মূল্য তালিকার প্রতি পুর্ন সমর্থন জানিয়ে এর মোট মুল্যের ৯০ভাগ গ্রহনের বিনিময়ে আমার গাড়ি দ্বারা অটোরেন্টর যাত্রীদের সেবা প্রদানে সম্মত হলাম।

৩. নগদ লেনদেনে যাত্রা শেষে যাত্রীকতৃক নগদ পরিশোধকৃত প্রাপ্ত অর্থও চালক ও ২য় পক্ষ সরাসরি গ্রহন করবে। এবং অটোরেন্টের প্রাপ্য লভ্যাংশ দৈনিক কিংবা সাপ্তাহিক ভিত্তিতে অটোরেন্টের অফিস বরাবর নগদ, ব্যাংক ডিপোজিট অথবা বিকাশের মাধ্যমে পরিশোধ করবে।

----------	------------	-------------
১ম পক্ষের স্বাক্ষর	২য় পক্ষের স্বাক্ষর	চালকের স্বাক্ষর

৪. অটোরেন্টর সম সাময়িক মূল্যের প্রতি যদি দ্বিতীয় পক্ষ দ্বিমত পোষন অথবা তাদের নির্ধারিত মুল্যতালিকা অনুযায়ী যাত্রীসেবা প্রদানে অসমর্থ বা অসম্মত হন তাহলে অটোরেন্টকে ১৫ দিনের নোটিশ প্রদানপুর্বক চুক্তি বাতিল করতে পারবেন।

৫. যাত্রীসেবা প্রদানে গাড়ি ও চালক বাবদ যাবতীয় খরচ দ্বিতীয় পক্ষের। প্রথম পক্ষ এক্ষেত্রে কোনপ্রকার খরচ বহন করবেনা।

৬. প্রথমপক্ষ তার নিবন্ধনকৃত যাত্রীদের সেবা প্রদানের অনুরোধ পাওয়ার পর দ্বিতীয় পক্ষকে তার বিস্তরিত অবহিত করবে এবং তার সম্মতির ভিত্তিতে যাত্রীকে সেবার দিন ও সময় চুড়ান্ত করবে। ২য় পক্ষ নিধারিত সময়ে যাত্রীকে সেবা প্রদান করবে। **এক্ষেত্রে ২য় পক্ষ কিংবা চালকের অটোরেন্টর যাত্রীকে সেবা প্রদানে কোন প্রকার বিলম্ব গ্রহনযোগ্য নয়।**

৭. সেবা দেয়ার ক্ষেত্রে উভয় পক্ষের পুর্ব সম্মতির ভিত্তিতে নির্ধারনকৃত যাত্রার নির্ধারিত লোকেশনে যেতে চালক বাধ্য থাকবে। যদি এক্ষেত্রে ২য় পক্ষ বা চালকের কোন প্রকার আপত্তি থাকে তাহলে যাত্রীর সাথে যাত্রা চুড়ান্ত করার পুর্বেই জানাতে হবে। একবার যাত্রা চুড়ান্ত হয়ে গেলে উপযুক্ত নিরাপত্তার অভাব জনীত কারন ব্যতিত অন্য যে কোন কারনে নিধারিত লোকেশনে যাত্রী আনা নেয়ার ক্ষেত্রে কোনরুপ অপারগতা গ্রহনযোগ্য নয়। চালক অবশ্যই সন্দেহজনক জায়গা যাওয়া থেকে বিরত থাকতে পারবে।। যাত্রীর আচরন সন্দেহজনক মনে হলে তাকে নিতে অস্বীকৃতি জানাতে পারবে অথবা পথিমধ্যে যাত্রা সমাপ্ত করতে পারবে।

৮. ২য় পক্ষ কিংবা চালক কোন ভাবেই পুর্ব নির্ধারিত যাত্রা বাতিল কিংবা সময় পরিবর্তন কিংবা অপারগতা জানাতে পারবে না। অন্যথায় প্রথম পক্ষকে উক্ত যাত্রার বিকল্প ব্যবস্থার জন্য ব্যয়কৃত অতিরিক্ত অর্থ ক্ষতিপুরন হিসেবে প্রদান করতে ২য় পক্ষ এবং চালক বাধ্য থাকবে।

৯. অটোরেন্ট চুক্তিপত্রে উল্লেখিত গাড়ি ও চালক ব্যতীত অন্য কোন গাড়ি বা চালক প্রথম পক্ষ গ্রহন করবেনা। কোন কারনে নির্ধারিত গাড়ি বা চালক এর পরিবর্তন ঘটলে তার পুর্ন বিবরন পুর্বেই প্রথম পক্ষের কাছে প্রদান করে পুর্বানুমতি নেয়া আবশ্যক। প্রয়োজনবোধে নতুন চুক্তি করা যেতে পারে।

১০. অটোরেন্টর সকল যাত্রী তাদের ভোটার/পাসপোর্ট আইডি, ছবি, ফোন নম্বর, ঠিকানা ও যাবতীয় প্রয়োজনীয় তথ্য দ্বারা নিবন্ধিত। অটোরেন্ট সর্বদা তার যাত্রী, চালক ও গাড়ির নিরাপত্তার ব্যাপারে সদা তৎপর। সেবা প্রদানকালে অটোরেন্ট প্রদত্ত যাত্রীদের নিয়ে চালকদের কোন সন্দেহ থাকলে নিরাপত্তার স্বার্থে সে যাত্রা বাতিল করতে পারবে। তবে এক্ষেত্রে চালক যাত্রা বাতিলের পুর্বে অটোরেন্টকে উপযুক্ত কারন সমেত জানাতে হবে।

১১. অটোরেন্ট সেবা অংশীদারী দ্বিতীয় পক্ষ ও চালক এই মর্মে অবগত এবং একমত যে এ সেবাটি সম্পুর্ন তাদের নিজ দ্বায়িত্বে পরিচালিত হবে **এবং যে কোন অবস্থায় যে কারও দ্বারা কোনরুপ অনাকাঙ্খিত পরিস্থিতির বা ক্ষতির জন্য অটোরেন্ট কতৃপক্ষ কোন রুপ দায়ভার গ্রহন কিংবা ক্ষতিপুরন দিবেনা।**

১২. অটোরেন্ট সর্বদা অধিক ট্রিপ পেতে ও এ সেবা ১ম ও ২য় উভয়ে পক্ষের জন্য লাভজনক করার উদ্দেশ্যে ভাড়া হ্রাস-বৃদ্ধি করে থাকে। এক্ষেত্রে প্রথম পক্ষ যে কোন সময়ে তার সেবা মুল্য হ্রাস-বৃদ্ধি, নির্ধারিত প্যাকেজ অথবা রুটের পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন করার স্বত্ত সংরক্ষন করে।

পরিশেষে, সকল পক্ষ উপরের সমস্ত শর্তাবলি ও বিষয়বস্তুর সাথে সুস্থ্য মস্তিস্কে ও সজ্ঞানে একমত পোষন করে নির্ধারিত স্থান সমুহে স্বাক্ষর করলাম।

----------	------------	-------------
১ম পক্ষের স্বাক্ষর	২য় পক্ষের স্বাক্ষর	চালকের স্বাক্ষর

যাত্রীসেবার ক্ষেত্রে চালকের প্রতি সাধারন শর্তাবলীঃ

১. চালক প্রথমেই যাত্রীকে সালাম এবং কুশল বিনিময় করবে এবং অবশ্যই চালক নিজে গেট খুলে দিবে।

২. গাড়িতে ৫ জনের বেশী যাত্রী বহন নিষিদ্ধ। তবে বিশেষ বিবেচনায় চালক অতিরিক্ত যাত্রী বহন করতে পারবেন। চালক ও যাত্রী উভয়ের সিটবেল্ট ব্যবহার বাধ্যতামূলক।

৩. গাড়ির এয়ার কিন্ডশন অবশ্যই সচল থাকতে হবে। এবং এয়ার কন্ডিশন ব্যবহারে যাত্রীর নির্দেশ মানা চালকের জন্য সম্পুর্ন বাধ্যতামুলক।

২. যাত্রী থাকা অবস্থায় গাড়িতে তেল বা গ্যাস নেয়া সম্পুর্নরুপে নিষিদ্ধ।

৩. গাড়ি চলাকালিন চালকের মোবাইলে কথা বলা সম্পুর্ন নিষিদ্ধ। তবে চালক হেডফোনের মাধ্যমে শুধুমাত্র অটোরেন্টর সাথে অফিসিয়াল যোগাযোগ করতে পারবে।

৪. চালক গাড়িতে ধুমপান করবেন না।

৫. কোন ভাবেই যাত্রীর কথায় অথবা দ্রুত গন্তব্যে পৌছানোর জন্য ট্রাফিক আইন অমান্য করবেন না।

৬. যদি যাত্রী ভাড়ার ব্যপারে কোন বক্তব্য দিতে চায় তাহলে চালক তাকে অটোরেন্টর কাস্টমার কেয়ারে যোগাযোগ করার জন্য বিনীত ভাবে অনুরোধ করবে।

৭. সর্বাবস্থায় যাত্রীদের সাথে সদাচরন বাধ্যতামুলক। যাত্রী যদি চালককে কোন অনুরোধ করে তাহলে সেটা যথাসাধ্য পালনের চেষ্টা করা আবশ্যক। তবে যদি যাত্রীর কোন অনুরোধ রাখতে চালক অসামথ্য হন তাহলে মার্জিত ভাবে তাকে বুঝিয়ে বলা আবশ্যক।

৮. যাত্রা শেষে সালাম ও কুশল বিনিময়ে করা বাধ্যতামুলক।

----------	------------	-------------
১ম পক্ষের স্বাক্ষর	২য় পক্ষের স্বাক্ষর	চালকের স্বাক্ষর